বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-বাশিহাই/প্রশাসন/২০২৬/২৯২৪

তারিখঃ ০৮/১০/২০২৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়মিত নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়স	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ওয়ার্ড বয়/আয়া জাতীয় বেতন গ্রেড-২০ ও স্কেল টাকা-২০০০০-৪৮৪০০/-	৩৩ টি	অনূর্ধ্ব ৩২ বৎসর	• এসএসসি পাশ। • সমপদে/সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্পের কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.	পিয়ন (অফিস সহায়ক) জাতীয় বেতন গ্রেড-২০ ও স্কেল টাকা-২০০০০-৪৮৪০০/-	১০ টি		• এসএসসি পাশ। • সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্পের কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৩.	এটেনডেন্ট (ওটি, এক্সরে, ল্যাব ও কার্ডিয়াক) জাতীয় বেতন গ্রেড-২০ ও স্কেল টাকা-২০০০০-৪৮৪০০/-	১৫ টি		• এসএসসি পাশ। • সমপদে/সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। • সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্পের কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

<u>শর্তাবলীঃ</u>

১। আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। আবেদন ফরম **www.bshi.gov.bd** হতে ডাউনলোড করতঃ তা যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/১০/২০২৬ইং তারিখের মধ্যে (অফিস সময়সকাল ৯ঃ০০ ঘটিকা হতে বেলা ২ঃ০০ঘটিকা) সরাসরি/ডাকযোগে পরিচালক, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় পৌছাতে হবে।

৩। আবেদন ফরমের সাথে নিম্নলিখিত সনদপত্রসমূহের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

৩.১ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র;

৩.২ সদ্য তোলা ৩ কপি (ল্যাবপ্রিন্ট) পাসপোর্ট সাইজের ছবি;

৩.৩ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

৩.৪ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশন/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

৩.৫ চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

৪। মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রযোজ্য হবে।

৫। "মুক্তিযোদ্ধা পোষ্য" প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট গেজেট এবং MIS সংযুক্ত করতে হবে।

৬। প্রার্থীগণকে পরীক্ষার ফি বাবদ 'পরিচালক' বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা সমমূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক থেকে সংগ্রহ করে তা আবেদনফরমের সাথে সংযুক্ত করতে হবে;

৭। নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসঙ্গতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

অধ্যাপক (ডাঃ) মির্জা মোঃ জিয়াউল ইসলাম
পরিচালক
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট